দৈনিক ইত্তেফাক

MAY 14 2002

তারিখ ... ১২ ... পৃষ্ঠা ৮ ...

# তোলারাম কলেজে ছাত্রদলের কার্যক্রম স্থগিত

নারায়ণগঞ্জ সংবাদদাতা ॥ ফতুল্লা-সিদ্ধিরগঞ্জ থেকে নির্বাচিত এমপি মুহাম্মদ গিয়াসউদ্দিন সরকারী তোলারাম কলেজের ছাত্রদলের সকল কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত রাখাসহ, ফতুল্লা ও সিদ্ধিরগঞ্জে ছাত্রদলের কার্যক্রমে অছাত্রদের অংশগ্রহণ না করার নির্দেশ দিয়েছেন। গতকাল সোমবার মুহাম্মদ গিয়াসউদ্দিন এক পত্রে জানান, নারায়ণগঞ্জ জেলার বর্তমান ছাত্রদলের কার্যক্রম সরকার ও দলের ভাবমূর্তি বিনষ্ট করছে। প্রকৃত ছাত্র-ছাত্রীরা অছাত্রদের ছাত্রদলের নেতৃত্ব দেয়াকে ভাল চোখে দেখছে না। সম্প্রতি সরকারী তোলারাম কলেজের সৃষ্ট ঘটনা শিক্ষার্থীসহ স্থানীয় জনমনে আতঙ্ক সৃষ্টি করেছে। শুধু ছাত্ররাই তার নির্বাচনী এলাকার ছাত্রদলের কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে এবং নিয়মিত ছাত্র-ছাত্রীদের দ্বারা ছাত্রদলের কমিটি গঠন করতে হবে।